## মৎস্য অধিদপ্তর, কুড়িগ্রাম
## ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ/ইনোভেশন আইডিয়া ২০২৩-২০২৪

**উদ্ভাবনী প্রকল্পের শিরোনাম:** তথ্য বাতায়নের মাধ্যমে মাছ চাষিদের মাঝে মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ কর্তৃক আমদানীকৃত পিওর চাইনিজ কার্পের (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) রেনু ও পোনা প্রাপ্তি সহজীকরণ।

**প্রকল্পের উদ্দেশ্য:**

বাংলাদেশে ২৭২ প্রজাতির স্বাদু পানির মাছ রয়েছে, যার মধ্যে ১৪ প্রজাতির মাছ বিদেশী। বিদেশী প্রজাতির মাছগুলির মধ্যে সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প (চাইনিজ কার্প) সবচেয়ে জনপ্রিয় এবং পরিবেশ বান্ধব মাছ। ভোক্তা পযায়ে এই মাছের ব্যাপক চাহিদা রয়েছে। এই মাছগুলো সহজেই চাষ করা যায় এবং খাদ্য শিকলও ছোটো (Short Food Chain)। কার্প জাতীয় মাছ চীন থেকে বাংলাদেশে আসে ১৯৬৯ সালে। বাংলাদেশে মোট মাছের উৎপাদনে প্রজাতি হিসেবে (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) অবদান প্রায় ১৪%। সাম্প্রতিক কিছু গবেষণায় দেখা যায়, (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) অধিকাংশ ব্রুডগুলিই তাদের স্বকীয়তা/পিওরিটি হারিয়ে ফেলেছে যা আতংকের বিষয় । কৌলিতাত্তিক গুনাগুন হারানো এসব ব্রুড থেকে প্রাপ্ত রেণু/পোনা হতে চাষিগণ কাংখিত উৎপাদন পাচ্ছে না। বর্তমান সরকার বাংলাদেশের মৎস্য সেক্টরের উন্নয়ন পরিকল্পনায় (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) গুরুত্বের কথা চিন্তা করে নতুন করে পিওর লাইন ব্রুড তৈরির জন্য মৎস্য অধিদপ্তরকে নির্দেশ প্রদান করে। এপ্রেক্ষিতে মৎস্য অধিদপ্তর গত ২০১৯ সালে চীন থেকে আবারও পিওর চাইনিজ কার্পের (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) এর পোনা আমদানী করে মৎস্য অধিদপ্তরের তিনটি বড় খামারে লালন-পালন করে পিওর ব্রুড তৈরির জন্য হস্তান্তর করে। বর্তমানে আমদানীকৃত মাছগুলি হতে মৎস্য অধিদপ্তরের নির্বাচিত কয়েকটি খামারে রেণু/পোনা উৎপাদিত হয়েছে, যা উচ্চ গুণগত মানসম্পন্ন ও অধিক ফলনশীল। এই রেণু/পোনা চাষি পর্যায়ে সরবরাহ/হস্তান্তর করা গেলে, চাষিরা যেমন লাভবান হবে, তেমনই (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) উৎপাদনও অধিকমাত্রায় বৃদ্ধি পাবে।

**প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি:**

১। জেলা ও উপজেলার গুরুত্বপূর্ণ দপ্তরসমূহের তথ্য বাতায়নের/ওয়েব পোর্টালের নোটিশ বোর্ডে পিওর চাইনিজ কার্পের (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) রেণু ও পোনা প্রাপ্তির তথ্য প্রদর্শন।

**জেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ ওয়েব পোর্টালসমূহ হলো-**

- ❖ ওয়েব পোর্টাল, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম;
- ❖ ওয়েব পোর্টাল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, কুড়িগ্রাম;
- ❖ ওয়েব পোর্টাল, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর, কুড়িগ্রাম;
- ❖ ওয়েব পোর্টাল, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, কুড়িগ্রাম;

**এছাড়া কুড়িগ্রাম জেলাধীন সকল উপজেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ ওয়েব পোর্টালসমূহ হলো-**

- উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরের ওয়েব পোর্টাল।
- উপজেলা কৃষি অফিসারের দপ্তরের ওয়েব পোর্টাল।
- উপজেলা প্রাণিসম্পদ অফিসারের দপ্তরের ওয়েব পোর্টাল।
- সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসারের দপ্তরের ওয়েব পোর্টাল।

২। চাষি পর্যায়ে পোস্টার/লিফলেট বিতরণ।
৩। সকল সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা ও খামার ব্যবস্থাপকগণের মাঠ পর্যায়ের সম্প্রসারণ কাজে এই গুরুত্বপূর্ণ তথ্যটি জনপ্রতিনিধি ও চাষি পর্যায়ে অবগত করা।
৪। খামার ব্যবস্থাপক এবং সংশ্লিস্ট দপ্তরে ব্যানার প্রদর্শন।

**প্রত্যাশিত ফলাফল:**

* সহজ যোগাযোগের মাধ্যমে পিউর চাইনিজ কার্পের রেণু প্রাপ্তি।
* পোনা উৎপাদনকারীগণের সাথে মাছ চাষীদের জন্য গুনগতমানের পোনা প্রাপ্তির নিশ্চয়তা।
* পিউর চাইনিজ কার্পের উৎপাদন বৃদ্ধি।
* সংশ্লিস্ট মাছ চাষীদের আর্থিক অবস্থার উন্নয়ন।
* কার্পের কৌলিতাত্তিক বৈশিষ্ট্য সংরক্ষিত হবে।

পিওর চাইনিজ কার্প (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) মাছের রেণু ও পোনা প্রাপ্তির ঠিকানা:

**খামার ব্যবস্থাপক**
**মৎস্যবীজ উৎপাদন খামার**
**কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।**
**ফোন: ০১৭৬৯৪৫৯৭৬৫**
**মেইল: fmkurigramsadar@fisheries.gov.bd**

চাইনিজ কার্পের (সিলভার কার্প, বিগহেড কার্প ও গ্রাস কার্প) পোনা উৎপাদনকারীর তালিকা:

| ক্রমিক নং | ক্রয়কারীর নাম ও ঠিকানা | প্রজাতির নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মোঃ সাইদুর রহমান<br>পূর্বকল্যাণ, সদর, কুড়িগ্রাম | সিলভার | ০১৭০১-৫৩১০৭৯ |
| ০২ | রুহুল আমিন<br>পান্ডুল, উলিপুর, কুড়িগ্রাম | সিলভার | ০১৭২১-৮৭৮১৪২ |
| ০৩ | মোঃ রফিক<br>সিঙ্গের ডাবরী,রাজারহাট, কুড়িগ্রাম | সিলভার | |
| ০৪ | মোঃ হান্নান<br>ফরকের হাট, রাজার হাট, কুড়িগ্রাম | গ্রাসকার্প<br>বিগহেড | |
| ০৫ | মোঃ রিয়াজুল ইসলাম<br>চর হরিকেশ সদর, কুড়িগ্রাম | সিলভার<br>গ্রাসকর্প | ০১৭২৫-৮৬০০৭৫ |
| ০৬ | মোঃ রতন মিয়া<br>উলিপুর, কুড়িগ্রাম | বিগহেড | |
| ০৭ | আহাম্মদ হোসেন<br>ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম | গ্রাসকার্প<br>সিলভার<br>বিগহেড | |
| ০৮ | আবু বক্কর<br>ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম | গ্রাসকার্প<br>সিলভার<br>বিগহেড | |
| ০৯ | মোঃ সাইদুর রহমান<br>সদর, কুড়িগ্রাম | গ্রাসকার্প<br>সিলভার | ০১৭০১৫৩১০৭৯ |
| ১০ | মোঃ সবুজ মিয়া<br>উলিপুর, কুড়িগ্রাম | সিলভার<br>বিগহেড | |
| ১১ | শ্রী অমল চন্দ<br>সদর, কুড়িগ্রাম | গ্রাসকার্প<br>সিলভার<br>বিগহেড | |
| ১২ | মোঃ তুহিন মিয়া<br>উলিপুর, কুড়িগ্রাম | সিলভার<br>বিগহেড | ০১৩১৮১০২৩১০ |
| ১৩ | মোঃ মিষ্টার<br>গাইবান্দা, কুড়িগ্রাম | বিগহেড | |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | মোঃ হাসান<br>উলিপুর, কুড়িগ্রাম | গ্রাসকার্প<br>সিলভার<br>বিগহেড | |
| ১৫ | মোঃ আনোয়ার হোসেন<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম | সিলভার<br>বিগহেড | |
| ১৬ | মোঃ কালাম মিয়া<br>সিনাই, সদর, কুড়িগ্রাম | বিগহেড | |
| ১৭ | আর ডি আর এস<br>রাজার হাট, কুড়িগ্রাম | গ্রাসকার্প<br>সিলভার<br>বিগহেড | ০১৭৪০৪৩৫০৫৪ |
| ১৮ | আর ডি আর এস<br>রাজার হাট, কুড়িগ্রাম | বিগহেড | ০১৭৪০৪৩৫০৫৪ |
| ১৯ | মোঃ আশাদুজ্জামান<br>ফরকের হাট , কুড়িগ্রাম | বিগহেড | ০১৭৮৫-২৬৬৬৬৬ |
| ২০ | মোঃ অহিদুল<br>উলিপুর, কুড়িগ্রাম | বিগহেড | ০১৭১৭-৫৯০৯৪৪ |
| ২১ | মোঃ সেকেন্দার আলী<br>ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম | বিগহেড | |
| ২২ | মোঃ দুলাল মিয়া<br>ফরকেরহাট, রাজারহাট, কুড়িগ্রাম | বিগহেড | |
| ২৩ | মোঃ মোস্তফা মিয়া<br>রাজারহাট, কুড়িগ্রাম | বিগহেড | |
| ২৪ | শ্রী দ্বীপক চন্দ্র<br>মিনাবাজার, উলিপুর, কুড়িগ্রাম | গ্রাসকার্প | |
| ২৫ | মোঃ মোজাম্মেল হক<br>বুড়াবুড়ী, উলিপুর, কুড়িগ্রাম | গ্রাসকার্প | ০১৭৪০-৪৪১৪৪১ |
| ২৬ | মোঃ রয়েল মিয়া<br>তালতলা, রাজারহাট, কুড়িগ্রাম | সিলভার | ০১৭২৬-৮৬৪৪২৮ |
| ২৭ | মোঃ মনজুরুল আলম<br>রাজারহাট, কুড়িগ্রাম | সিলভার | |

২৬।০৬।2024

মো. মুক্তাদির খান
জেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম।